বাংলাদেশ পর্যটন করপোরেশন

প্রধান কার্যালয়
৮৩-৮৮, বীর উত্তম এ.কে খন্দকার সড়ক
মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.parjatan.gov.bd

১৩ অগ্রহায়ণ ১৪২৬বঙ্গাব্দ

স্মারক নং-৩০.০৩২.০১১.২০.০১.০০১.১৯৯৭(৫)/ ৩৪২৯ তারিখঃ-------------------------

২৮ নভেম্বর ২০১৯খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পর্যটন করপোরেশনে নিম্নলিখিত শূন্য পদে নিয়োগের জন্য নির্ধারিত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	সহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-০৯ বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	০২	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা সমমানের শিক্ষা প্রতিষ্ঠান হতে বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিভিল) এ স্নাতক। পেশাগত ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	সকল জেলা
০২	হিসাব রক্ষণ কর্মকর্তা গ্রেড-০৯ বেতন স্কেলঃ ২২০০০-৫৩০৬০/-	০৪	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রী অথবা এসএসসি বা এইচএসসি-তে প্রথম বিভাগসহ দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রী। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
০৩	উপসহকারী প্রকৌশলী (সিভিল) গ্রেড-১১ বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-	০৪	কোন অনুমোদিত কারিগরী শিক্ষা বোর্ড থেকে ডিপ্লোমা সার্টিফিকেট প্রাপ্ত (সিভিল)। পেশাগত ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	
০৪	ড্রাফটসম্যান গ্রেড-১১ বেতন স্কেলঃ ১২৫০০-৩০২৩০/-	০১	কোন অনুমোদিত কারিগরী শিক্ষা বোর্ড থেকে ডিপ্লোমা সার্টিফিকেট প্রাপ্ত। পেশাগত ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	
০৫	হিসাব রক্ষক গ্রেড-১৩ বেতন স্কেলঃ ১১০০০-২৬৫৯০	১৭	কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সর্বনিম্ন স্নাতক ডিগ্রী। হিসাব রক্ষণ/সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বৎসরের পূর্ব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।	কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, রাজবাড়ী, নেত্রকোনা, জামালপুর, শেরপুর, চট্টগ্রাম, কক্সবাজার, জয়পুরহাট, দিনাজপুর, পঞ্চগড়, পাবনা, রাজশাহী, নওগাঁ, নবাবগঞ্জ, লালমনিরহাট, কুড়িগ্রাম, নীলফামারী, সাতক্ষীরা, ঝিনাইদহ, মাগুরা, কুষ্টিয়া, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ এই সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবে। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। (ক) ০১-১১-২০১৯খ্রিঃ তারিখে বয়স সীমা সাধারণ প্রার্থী এবং মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যের কোটার প্রার্থীর ক্ষেত্রে ৩০ বছর।

খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের জন্য সর্বোচ্চ ৩২ বছর।

গ) তবে বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০২। **অন-লাইনে আবেদন ফরম পূরণঃ**

প্রার্থীকে টেলিটকের web address: **http://parjatan.teletalk.com.bd** এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে অনলাইন Registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। অনলাইনে আবেদন ফরম পূরণ ও অন্যান্য সাধারণ নির্দেশনাবলী উক্ত ঠিকানায় (Link) পাওয়া যাবে।

০৩ । পরীক্ষার ফি:

ক্রমিক নং ১-৪ এ উল্লিখিত পদের জন্য প্রত্যেক প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা এবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৬০/- (ষাট) টাকাসহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) এবং ক্রমিক নং-৫ এ উল্লিখিত পদের জন্য প্রত্যেক প্রার্থীকে পরীক্ষা ফি বাবদ ৩০০/-(তিনশত)টাকাএবং টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ৩৬/- (ছত্রিশ) টাকাসহ মোট ৩৩৬/-(তিনশত ছত্রিশ) টাকা প্রদান করতে হবে।

০৪ । মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form এর প্রিন্ট কপির সাথে সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত, সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি এবং আবেদনকারী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যারপুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও আবেদনে উল্লেখ করতে হবে।

০৫ । পরীক্ষার ফি প্রদান পদ্ধতি:

অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য x৩০০প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য x৩০০প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Uploadকরে আবেদনপত্র Submitকরা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহApplication Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application's Copyপাবেন। উক্ত Application's Copyপ্রার্থী Downloadপূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Application's কপিতে একটি User IDনম্বর দেয়া থাকবে এবং এই User IDনম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে নির্ধারিত পরীক্ষার ফি জমা দিবেন। **এখানে উল্লেখ্য যে, অনলাইন-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

প্রথম SMS: PARJATAN<space>User ID লিখে Sendকরতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **PARJATAN ABCDEF**send to 16222

Reply : Applicant's Name, **Tk-560/336** will be charged as application fee. Your PIN is**12345678** to pay fee, type PARJATAN<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : PARJATAN<space>Yes<space>PIN লিখে sendকরতে হবে ১৬২২২ নম্বরে।
Example: **PARJATANYes12345678**send to 16222.

Reply : Congratulations! Applicant's Name, payment completed successfully for examination fee. User ID is (xxxxxxxx) and password (xxxxxxxx).

০৬ । User ID এবং passwordপুনরুদ্ধার পদ্ধতি:

- শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i User ID জানা থাকলে PARJATAN<space>Help<space>User<space>User ID & send to ১৬২২২
Example : **PARJATAN Help User ABCDEF**& send to ১৬২২২
ii PIN Number জানা থাকলে: PARJATAN<space>Help<space>PIN<space>PIN No & send to ১৬২২২
Example : **PARJATAN Help PIN 12345678**& send to ১৬২২২

০৭ । অন-লাইনে আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদানের সময়সীমা (তারিখ ও সময়):

ক)	অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: {উল্লেখ্য যে, প্রার্থীদেরকে আবেদনপত্র দাখিলের সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে পরীক্ষার ফি জমাদান সম্পন্ন করতে হবে।}	২ ডিসেম্বর, ২০১৯ খ্রি: সকাল ১০:০০ ঘটিকা।
খ)	অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: {উক্ত সময়সীমার মধ্যে শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণই পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে অর্থাৎ২৫ডিসেম্বর, ২০১৯ খ্রি: তারিখ বিকাল৫:০০ ঘটিকার মধ্যে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।}	২২ডিসেম্বর, ২০১৯ খ্রি: বকাল ৫:০০ ঘটিকা।

০৮ । প্রবেশপত্র প্রিন্ট ও সংরক্ষণ:

উল্লিখিত পদে নিয়োগের লক্ষ্যে অনলাইন আবেদনে প্রার্থীর মোবাইল ফোন নম্বরে টেলিটক হতে এসএমএস এর মাধ্যমে শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMSপড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। SMSএ প্রেরিত User ID এবং Passwordব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Downloadপূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/ মৌখিক) অংশগ্রহণের সময়ে প্রদর্শন করবেন।

০৯ । মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

১০ । নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি বিধান অনুসরণ করা হবে।

১১ । লিখিত পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।

১২ । বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বাতিল বা প্রত্যাহার করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩ । নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

(মো: মহসীন)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)